

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

পলিটেকনিক ইন্সটিটিউটের চিফ ইন্সট্রাক্টর
[টেক/সিভিল, টেক/ইলেকট্রিক্যাল, টেক/
মেকানিক্যাল, টেক/পাওয়ার] পদের সুপারিশ

নম্বর-৮০.০০.০০০০.২০০.৬৪.০২৯.২১-৩২৬

তারিখ : ১৭ অগ্রহায়ণ ১৪২৮
০২ ডিসেম্বর ২০২১

প্রেস বিজ্ঞপ্তি

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউটের ৬ষ্ঠ গ্রেডের ক্যাডারভুক্ত চিফ ইন্সট্রাক্টর [টেক/সিভিল] এর ০১টি, চিফ ইন্সট্রাক্টর [টেক/ইলেকট্রিক্যাল] এর ০১টি, চিফ ইন্সট্রাক্টর [টেক/মেকানিক্যাল] এর ০১টি এবং চিফ ইন্সট্রাক্টর [টেক/পাওয়ার] এর ০২টি পদে প্রয়োজ্য বিধিবিধান অনুসরণ করে নিম্নোক্ত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থীদেরকে নিয়োগের জন্য কমিশন সাময়িকভাবে [Provisionally] সুপারিশ করেছে:


- ক. চিফ ইন্সট্রাক্টর [টেক/সিভিল]
রেজিস্ট্রেশন নম্বর : ০০০০৭৯
- খ. চিফ ইন্সট্রাক্টর [টেক/ইলেকট্রিক্যাল]
রেজিস্ট্রেশন নম্বর : ০০০১৪০
- গ. চিফ ইন্সট্রাক্টর [টেক/মেকানিক্যাল]
রেজিস্ট্রেশন নম্বর : ০০০০৭০
- ঘ. চিফ ইন্সট্রাক্টর [টেক/পাওয়ার]
রেজিস্ট্রেশন নম্বর : ০০০০৯৪, ০০০০৮৪

০২. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি, বিজ্ঞপ্তির শর্ত এবং আবেদনপত্রে প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক প্রার্থীদের এই শর্তে সাময়িকভাবে [Provisionally] সুপারিশ করা হলো যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রার্থীর সনদ, ডকুমেন্টস ও কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

০৩. বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক সাময়িকভাবে [Provisionally] সুপারিশকৃত প্রার্থীদের মধ্যে পরবর্তীকালে কোন সময়ে কোন যোগ্যতার বা কাগজপত্রাদির ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, সনদ জালিয়াতির প্রমাণ পাওয়া গেলে, অসত্য তথ্য প্রদান করলে বা কোন উল্লেখযোগ্য [Substantive] ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে উক্ত প্রার্থীর সাময়িক সুপারিশ বাতিল হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে। চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ পেলে বা প্রমাণ হলে তাকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

০৪. স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক নিয়োগের সুপারিশের পূর্ববর্তী জীবন-বৃত্তান্ত যাচাইয়ের পর নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে সংশ্লিষ্ট মন্ত্রণালয় সুপারিশকৃত প্রার্থীদের নিয়োগ প্রদান করবে।

০৫. প্রকাশিত ফলাফলে কোন উল্লেখযোগ্য [Substantive] ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সংরক্ষণ করে।



[নূর আহমদ]

পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

[যুগ্মসচিব]